

প্রথম আলো

তারিখ... 19 FEB 2010 ...
পৃষ্ঠা... ৩... কলাম... ১.....

পাসের হার ৩৮ শতাংশ
বেসরকারি শিক্ষক নিবন্ধন
পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক •

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরপিএ) আয়োজিত পঞ্চম শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফলাফল গতকাল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠানের মোট এক লাখ দুই হাজার ৩৪৮ জন প্রার্থী অংশ নেন। এদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৩৯ হাজার ২২৫ জন। সার্বিক পাসের হার শতকরা ৩৮ দশমিক ৩। গত ১১ ও ১২ ডিসেম্বর এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বেসরকারি নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠানের সহকারী শিক্ষক, প্রভাবক, সহকারী মৌলভি, প্রদর্শক, শরীহচর্চা শিক্ষক, ট্রেড ইন্সট্রাক্টর ও জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে নিয়োগের লক্ষ্যে জেলা স্তরের নিবন্ধনে এই পরীক্ষা নেওয়া হয়।